স্মার্ট শিক্ষা স্মার্ট দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

একটাই লক্ষ্য
হতে হবে দক্ষ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফেনী কম্পিউটার ইনস্টিটিউট,ফেনী।
ফোনঃ ০২৩৩৪৪৭২৯৮৮
Website: www.fci.gov.bd; Email: fci_bd@yahoo.com

১৪ জুন,২০২৩ থেকে ১৮ জুন, ২০২৩ ইং পর্যন্ত

# "কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সপ্তাহ উদযাপন-২০২৩" এর সচিত্র প্রতিবেদন






প্রস্তুতকারী

মোহাম্মদ আব্দুল্লাহ আল মামুন
চীফ ইন্সট্রাক্টর (টেক) কম্পিউটার
ও
সদস্য সচিব
কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সপ্তাহ ২০২৩
আয়োজন কমিটি

দেবব্রত কুমার নাথ
চীফ ইন্সট্রাক্টর (নন-টেক)
ও
আহবায়ক
কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সপ্তাহ ২০২৩
আয়োজন কমিটি

# কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সপ্তাহ ২০২৩ উদযাপন




১৪ জুন ২০২৩ থেকে ১৮ জুন ২০২৩, ০৫ দিন ব্যাপি ফেনী কম্পিউটার ইনস্টিটিউট কর্তৃক কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সপ্তাহ - ২০২৩ যথাযথভাবে পালন করা হয়। কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সপ্তাহকে সামনে রেখে অধ্যক্ষ মহোদয় একটি কমিটি গঠন করেন এবং উক্ত কমিটি কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সপ্তাহ কারিগরি শিক্ষা অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক যথাযথভাবে উদযাপনের যাবতীয় কাজ সম্পাদন করে।

কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সপ্তাহ -২০২৩ এ নিম্নোক্ত কার্যক্রমগুলো গ্রহণ করা হয়।

১। উদ্বোধন ও বর্ণাঢ্য র‍্যালী

২। অভিভাবক সম্মেলন

৩। ল্যাব ও ওয়ার্কশপ পরিদর্শন

৪। কারিগরি মেলা

৫। মত বিনিময় (নলেজ শেয়ারিং)

৬। জব ফেয়ার

৭। শিল্প-কারখানা ও প্রতিষ্ঠানের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠান

৮। সেমিনার

৯। সমাপনী সাংস্কৃতিক ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান।

# উদ্বোধন ও বর্ণাঢ্য র‍্যালি

ফেনী পলিটেকনিক ইনস্টিটিউট, ফেনী কম্পিউটার ইনস্টিটিউট ও ফেনী সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজের সমন্বয়ে র‍্যালির আয়োজন করা হয়। ফেনী জেলার সুযোগ্য জেলা **প্রশাসক আবু সেলিম মাহমুদ-উল হাসান** প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে র‍্যালি উদ্বোধন করেন। র‍্যালি উদ্বোধনী অনুষ্ঠানের সভাপতিত্ব করেন ফেনী পলিটেকনিক ইনস্টিটিউট এর **অধ্যক্ষ জনাব প্রকৌশলী প্রদীপ্ত খীসা** । উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে ফেনী কম্পিউটার ইনস্টিটিউট এর অধ্যক্ষ জনাব **মুহাম্মদ মাজহারুল ইসলাম চৌধুরী এবং** ফেনী সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজের অধ্যক্ষ জনাব **প্রকৌঃ কাজী মেজবাউল ইসলাম** উপস্থিত ছিলেন। র‍্যালিতে সাংবাদিক, বিভিন্ন পেশাজীবী সংগঠন নেতৃবৃন্দ, শিক্ষার্থীরা বিপুল উৎসাহ উদ্দীপনায় অংশগ্রহণ করেন। র‍্যালিতে কারিগরি শিক্ষার গুরুত্ব তুলে ধরে বিভিন্ন ব্যানার, প্লেকার্ড ও ফেস্টুন প্রদর্শন করা হয়। এতে করে স্থানীয় জনসাধারণের নিকট ব্যাপক উৎসাহ উদ্দীপনা সৃষ্টি হয়।

**র‍্যালিটি ফেনী পলিটেকনিক ইনস্টিটিউট থেকে শুরু হয়ে সদর হাসপাতাল মোড়সহ শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থান প্রদক্ষিণ করে ফেনী কম্পিউটার ইনস্টিটিউট এ এসে সমাপ্ত হয়।**

| | |
|---|---|
| র‍্যালি শুরুর স্থান | ঃ ফেনী পলিটেকনিক ইনস্টিটিউট |
| তারিখ ও সময় | ঃ ১৪ জুন, ২০২৩ সকাল ০৯ ঘটিকায়। |
| উদ্বোধন করেন | ঃ আবু সেলিম মাহমুদ -উল হাসান<br>জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্টেট, ফেনী |
| বিশেষ অতিথি | ঃ ১. মুহাম্মদ মাজহারুল ইসলাম চৌধুরী,<br>অধ্যক্ষ, ফেনী কম্পিউটার ইনস্টিটিউট ।<br>২. প্রকৌঃ কাজী মেজবাউল ইসলাম,<br>অধ্যক্ষ, ফেনী সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ |
| সভাপতি | ঃ প্রকৌশলী প্রদীপ্ত খীসা,<br>অধ্যক্ষ, ফেনী পলিটেকনিক ইনস্টিটিউট |

## উদ্বোধন ও বর্ণাঢ্য র‍্যালির কিছু খণ্ডচিত্রঃ













# অভিভাবক সম্মেলন

কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সপ্তাহ -২০২৩ এর কর্মসূচীর অংশ হিসাবে ১৪ জুন তারিখ সকাল **১১ঃ০০** ঘটিকায় ফেনী কম্পিউটার ইনস্টিটিউট এর সেমিনার কক্ষে বিভিন্ন জায়গা থেকে আগত অভিভাবকদের নিয়ে **অভিভাবক সম্মেলন ২০২৩** আয়োজন করা হয়। অভিভাবক সম্মেলনে সভাপতিত্ব করেন ফেনী কম্পিউটার ইনস্টিটিউট এর অধ্যক্ষ জনাব **মুহাম্মদ মাজহারুল ইসলাম চৌধুরী**। অনুষ্ঠানে আগত অভিভাবকগণ ইনস্টিটিউটের শিক্ষার মান বৃদ্ধিতে এবং শিক্ষার্থীদের পাঠে মনোযোগী হওয়ার বিষয়ে গুরুত্বপূর্ণ মতামত ব্যক্ত করেন। এতে উপস্থিত বিভাগীয় প্রধানগণ, বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ, নিরাপত্তা কর্মকর্তা কারিগরি শিক্ষার গুরুত্ব তুলে ধরে বক্তব্য পেশ করেন। অধ্যক্ষ মহোদয় শিক্ষার্থীদের একাডেমিক শিক্ষার মানোন্নয়নে অভিভাবকবৃন্দের সাথে মতবিনিময় করেন।

| | | |
|---|---|---|
| তারিখ ও সময় | ঃ | ১৪ জুন, ২০২৩ সকাল ১১ঃ০০ ঘটিকায় |
| সভাপতি | ঃ | মুহাম্মদ মাজহারুল ইসলাম চৌধুরী,<br>অধ্যক্ষ, ফেনী কম্পিউটার ইনস্টিটিউট। |
| আহবায়ক | ঃ | দেবব্রত কুমার নাথ<br>চীফ ইনস্ট্রাক্টর(নন-টেক) |
| সঞ্চালনায় | ঃ | মোহাম্মদ আব্দুল্লাহ আল মামুন<br>চীফ ইনস্ট্রাক্টর(ডিটিএনটি ও সিএসটি) |





# ল্যাব ও ওয়ার্কশপ পরিদর্শন

কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সপ্তাহ -২০২৩ এর কর্মসূচীর অংশ হিসাবে ১৪ জুন তারিখ বেলা ১২:০০ ঘটিকা থেকে ২:০০ ঘটিকা পর্যন্ত প্রতিষ্ঠানের ল্যাব/ওয়ার্কশপসমূহ অভিভাবক, স্থানীয় জনসাধারণ, শিক্ষার্থীদের পরিদর্শনের জন্য উন্মুক্ত রাখা হয়। উক্ত সময়ে অভিভাবক, স্থানীয় জনসাধারণ, শিক্ষার্থীগণ ব্যাপক উৎসাহ নিয়ে ল্যাব/ওয়ার্কশপসমূহ পরিদর্শন করেন।







অভিভাবকবৃন্দের ল্যাব ও ওয়ার্কশপ পরিদর্শন

# কারিগরি মেলা

কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সপ্তাহ -২০২৩ এর কর্মসূচীর অংশ হিসাবে ১৫ জুন সকাল ১০ঃ০০ ঘটিকায় শিক্ষার্থীগণ ব্যাপক উৎসাহ নিয়ে কারিগরি মেলায় অংশগ্রহণ করেন। কারিগরি মেলাতে তাদের জন্য ১০টি স্টল প্রস্তুত করা হয়। মেলাতে প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা ১০টি নতুন উদ্ভাবনী ধারণা প্রদর্শন করে।

**কারিগরি মেলায় উপস্থাপিত উদ্ভাবনী ধারণাসমূহ মুল্যায়নের ফলাফল নিম্নরুপঃ**

| ফলাফল | উদ্ভাবনী ধারণার নাম | অংশগ্রহণকারী শিক্ষার্থীদের বিবরণ |
|---|---|---|
| প্রথম | স্বয়ংক্রিয় প্রক্রিয়ায় আবর্জনা বাছাইকরণ | ১.তাহসান মাহমুদ সাহিত্য, ডিটিএনটি ৫ম পর্ব, (৫৮৬৮৭৩) |
| | | ২.নাইমুল হাসান অন্তর, ডিটিএনটি ৫ম পর্ব, (৫৮৬৮৩২) |
| | | ৩.রবিউল আওয়াল, ডিটিএনটি ৫ম পর্ব (৫৮৬৮৭১) |
| দ্বিতীয় | উদ্ভিদ ,সেচ জল/কীটনাশক ছিটানোর রোবট | ১. জুনায়েদ মনোয়ার, টিসিটি ১ম পর্ব(৭৭৫২৬০) |
| | | ২.মোঃ ইব্রাহীম, টিসিটি ১ম পর্ব(৭৮৪১৫৪) |
| | | ৩.রাকিব চৌধুরী, টিসিটি ১ম পর্ব(৭৮৪১৪৬) |
| তৃতীয় | নবায়নযোগ্য শক্তি | ১. ইসরাত জাহান, সিএসটি ৩য় পর্ব(৬৮৩৫০১) |
| | | ২.সুবর্ণা আক্তার, টিসিটি ১ম পর্ব(৭৮৪১৬৫) |






# মত বিনিময় (নলেজ শেয়ারিং)

কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সপ্তাহ - ২০২৩ এর কর্মসূচীর অংশ হিসাবে ১৫ জুন সকাল ১২ঃ০০ ঘটিকায় শিক্ষার্থীদের নিয়ে কারিগরি মেলাতে উপস্থাপিত উদ্ভাবনী ধারণাগুলোর বিষয় নিয়ে নলেজ শেয়ারিং ও  মত বিনিময় সভার আয়োজন করা হয়। সভায় উদ্ভাবনী ধারণার উপর  দলনেতাগণ উপস্থিত শিক্ষক, শির্ক্ষথীদের মাঝে তাদের উদ্ভাবনী ধারণাগুলোর উপযোগিতা, সম্ভাব্য খরচ ও ভবিষ্যৎ পরিকল্পনা তুলে ধরে।





# জব ফেয়ার

কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সপ্তাহ - ২০২৩ এর কর্মসূচীর অংশ হিসাবে ১৭ জুন বেলা ২ঃ০০ ঘটিকায় একাডেমিক ভবনের ২০১ নং কক্ষে জব ফেয়ারের আয়োজন করা হয়। উক্ত জব ফেয়ারে ফেনী, ঢাকা, চট্টগ্রামসহ বিভিন্ন জায়গা হতে ১৬টি প্রতিষ্ঠান অংশগ্রহণ করে। চাকুরী প্রত্যাশীরা বিভিন্ন স্টল পরিদর্শন করে তাদের সিভি গুলো প্রদান করে। তাদের মধ্য হতে তাৎক্ষনিক ৫জন বেকার যুবকের  চাকরি হয়। চাকরিপ্রাপ্ত তরুণরা জব ফেয়ার অনুষ্ঠানের সভাপতি জনাব **মুহাম্মদ মাজহারুল ইসলাম চৌধুরী**, অধ্যক্ষ, ফেনী কম্পিউটার ইনস্টিটিউট এর নিকট হতে নিয়োগপত্র গ্রহণ করেন।

| | |
|---|---|
| তারিখ ও সময় | ঃ ১৭ জুন, ২০২৩ বেলা ২ঃ০০ ঘটিকায় |
| অংশগ্রহণকারী প্রতিষ্ঠান | ঃ ১৬টি |
| চাকরি প্রাপ্তি | ঃ ০৫ জন |
| সভাপতি | ঃ মুহাম্মদ মাজহারুল ইসলাম চৌধুরী, অধ্যক্ষ, ফেনী কম্পিউটার ইনস্টিটিউট। |
| আহবায়ক | ঃ দেবব্রত কুমার নাথ চীফ ইনস্ট্রাক্টর(নন-টেক) |

## জব ফেয়ার ২০২৩ এ অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের বিবরণ:

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা |
|---|---|
| ১. | উইট ইনস্টিটিউট, ২৭, ইন্দিরা রোড, ঢাকা |
| ২. | ক্রিয়েটিভ আইটি ইনস্টিটিউট, মমতাজ প্লাজা ৪র্থ ফ্লোর, হাউজ নম্বর-০৭, ধানমন্ডি, ঢাকা। |
| ৩. | টেকনোলজি পল্লি, ৫৭/০৮, পশ্চিম পান্থপথ, ঢাকা। |
| ৪. | সিএসএল আইটি, হান্নান প্লাজা, ৩য় ফ্লোর, রোড নং-১/এ, সেক্টর-৯, উত্তরা, ঢাকা। |
| ৫. | অ্যাটোডা আইটি ইনস্টিটিউট, হাউজ নং- ৫/১, ফ্লাট ই-২ ব-ক-ই, লালমাটিয়া ঢাকা |
| ৬. | উইমেন্স ইন ডিজিটাল, নূরজাহান রোড, মুহাম্মদপুর, ঢাকা। |
| ৭. | নিউ হরিজন হাউজ নং-০৭, রোড নং-০৮ ধানমন্ডি ঢাকা। |
| ৮. | ডিডিএন আইএসপি, চকবাজার চট্টগ্রাম |
| ৯. | পিপলএনটেক, গুডলাক সেন্টার, পান্থপথ |
| ১০. | টুইনসফট, ৩২২, শাহআলম টাওয়ার, ৫ম ফ্লোর, এসএসকে রোড, ফেনী। |
| ১১. | মাল্টিসফট, ফেনী সুপার মার্কেট, ৩য় ফ্লোর, টাংক রোড, ফেনী। |
| ১২. | গ্রেট এন্ড স্মার্ট টেকনোলজি লিমিটেড, ১৬১, শেখ আহমেদ টাওয়ার, ৩য় ফ্লোর, এসএসকে রোড, ফেনী |
| ১৩. | টিএমটেক, সমবায় মার্কেট, ফেনী |
| ১৪. | মুন ইনস্টিটিউট অব আইটি, একাডেমী রোড, ফেনী। |
| ১৫. | ডাটা লিংক-১, ছাগলনাইয়া, ফেনী |
| ১৬. | এসবিআইটি, ইউছুফ টাওয়ার মিজান রোড, ফেনী। |

## জব ফেয়ার ২০২৩ এ চাকরিপ্রাপ্তদের তালিকাঃ

| ক্রঃনং | চাকুরী প্রাপ্তদের নাম | পদের নাম | চাকুরীদাতা প্রতিষ্ঠানের নাম |
|---|---|---|---|
| ০১ | বোরহান উদ্দিন মিশেল | ইন্টারনাল ট্রেইনার, আইটি সাপোর্ট | মুন আইটি, ফেনী। |
| ০২ | মোহাম্মদ হাসান | ইন্টারনাল ট্রেইনার, গ্রাফিক্স ডিজাইন | মুন আইটি, ফেনী। |
| ০৩ | মোঃ ইউসুফ | জুনিয়র ওয়েব ডেভেলপার | ওমেন্স ইন ডিজিটাল, ঢাকা। |
| ০৪ | মাহমুদুল হাসান | শিক্ষানবিশ নেটওয়ার্ক সাপোর্ট ইঞ্জিনিয়ার | ডাটা লিংক ১, ছাগলনাইয়া |
| ০৫ | তানভিরুল আফসার নিলয় | কমিউনিকেশন অফিসার | টুইন সফট টেকনোলজি, ফেনী। |

# জব ফেয়ার ২০২৩ এর কিছু খন্ডচিত্রঃ













# শিল্প-কারখানা ও প্রতিষ্ঠানের মধ্যে "সমঝোতা স্মারক" স্বাক্ষর অনুষ্ঠান

কারিগরি ও বৃত্তিমুলক শিক্ষা সপ্তাহ -২০২৩ এর কর্মসূচীর অংশ হিসাবে ১৭ জুন বেলা ৩ঃ০০ ঘটিকায় শিল্প-কারখানা ও প্রতিষ্ঠানের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে ফেনী জেলার অন্তর্গত "মুন আইটি" এবং "ডাটালিংক ১" নামক দুটি প্রতিষ্ঠান ফেনী কম্পিউটার ইনস্টিটিউট এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর করে।









শিল্প-কারখানা ও প্রতিষ্ঠানের মধ্যে "সমঝোতা স্মারক" স্বাক্ষরের খন্ডচিত্রঃ

# সেমিনার

কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সপ্তাহ - ২০২৩ এর কর্মসূচীর অংশ হিসাবে ১৭ জুন বিকাল ৪ঃ০০ ঘটিকায় সেমিনার কক্ষে প্রতিষ্ঠানের অধ্যক্ষ জনাব **মুহাম্মদ মাজহারুল ইসলাম চৌধুরী** এর সভাপতিত্বে "*স্মার্ট বাংলাদেশ বিনির্মানে কারিগরি শিক্ষার গুরুত্ব ও করণীয়*" শীর্ষক একটি সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ইনস্টিটিউটের কম্পিউটার সাইন্স টেকনোলজির শিক্ষক জনাব **মোঃ আব্দুস ছোবহান শামীম**।

প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব **প্রকৌশলী প্রদীপ্ত খীসা**, অধ্যক্ষ, ফেনী পলিটেকনিক ইনস্টিটিউট। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ফেনীর নির্বাহী **প্রকৌশলী আ.স.ম রেজাউন নবী**। সেমিনারটি সঞ্চালনা করেন প্রতিষ্ঠানের একাডেমিক ইনচার্জ ও চীফ ইনস্ট্রাক্টর (নন-টেক) জনাব **দেবব্রত কুমার নাথ**।

সেমিনারে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান, কারিগরি দক্ষতা সম্পন্ন ব্যক্তি, শিল্প-কারখানার মালিকগণ, সাংবাদিক, সুশীল সমাজের প্রতিনিধি ও জন প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন।

| | |
|---|---|
| **সেমিনারের বিষয়** | **ঃ "স্মার্ট বাংলাদেশ বিনির্মানে কারিগরি শিক্ষার গুরুত্ব ও করণীয়"** |
| তারিখ ও সময় | ঃ ১৭ জুন, ২০২৩ বেলা ৪ঃ০০ ঘটিকায়। |
| সভাপতি | ঃ মুহাম্মদ মাজহারুল ইসলাম চৌধুরী<br>অধ্যক্ষ, ফেনী কম্পিউটার ইনস্টিটিউট। |
| প্রধান অতিথি | ঃ প্রকৌশলী প্রদীপ্ত খীসা<br>অধ্যক্ষ,ফেনী পলিটেকনিক ইনস্টিটিউট |
| বিশেষ অতিথি | ঃ প্রকৌশলী আ.স.ম রেজাউন নবী<br>নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ফেনী। |
| মূল প্রবন্ধ উপস্থাপন | ঃ মোঃ আব্দুস ছোবহান শামীম।<br>ইনস্ট্রাক্টর (সিএসটি) |
| সঞ্চালনায় | ঃ দেবব্রত কুমার নাথ<br>চীফ ইনস্ট্রাক্টর(নন-টেক) |

সেমিনার অনুষ্ঠান এর কিছু খন্ডচিত্রঃ
















# <u>সমাপনী সাংস্কৃতিক ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান</u>

কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সপ্তাহ -২০২৩ এর কর্মসূচীর অংশ হিসাবে ১৮ জুন বিকাল ৩ঃ০০ ঘটিকায় একাডেমিক ভবনের ২০১নং কক্ষে প্রতিষ্ঠানের অধ্যক্ষ জনাব **মুহাম্মদ মাজহারুল ইসলাম চৌধুরী** এর সভাপতিত্বে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সপ্তাহ -২০২৩ এর সমাপনী সাংস্কৃতিক ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ফেনী সদর উপজেলা চেয়্যারম্যান জনাব **গুসেন চন্দ্র শীল**।

১ম পর্বে অনুষ্ঠানের শুরুতে ফেনী কম্পিউটার ইনস্টিটিউটের সাংস্কৃতিক ক্লাবের সদস্যদের অংশগ্রহণে একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।উপস্থিত প্রধান অতিথি আমন্ত্রিত অতিথি,শিক্ষক,কর্মকর্তা,কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দ অনুষ্ঠানটি উপভোগ করেন।

২য় পর্বে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সপ্তাহ -২০২৩ উদযাপন কমিটির আহবায়ক জনাব **দেবব্রত কুমার নাথ**,একাডেমিক ইনচার্জ ও চীফ ইনস্ট্রাক্টর(নন-টেক) এর স্বাগত বক্তব্যের মাধ্যমে সমাপনী সাংস্কৃতিক ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান শুরু হয়।এতে নিরাপত্তা কর্মকর্তা, শিক্ষক প্রতিনিধি,বিভাগীয় প্রধানগণ স্মার্ট বাংলাদেশ বিনির্মানে কারিগরি শিক্ষার গুরুত্ব তুলে ধরে বক্তব্য পেশ করেন।





পুরস্কার বিতরণী অনুষ্ঠান এর <u>খন্ডচিত্রঃ</u>

প্রধান অতিথি তার বক্তব্যে শিক্ষার্থীদের উত্থাপিত দাবিগুলো উপজেলা পরিষদের পক্ষ থেকে দ্রুত সময়ের মধ্যে পূরণ করার আশ্বাস দেন। তিনি ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ বিনির্মানের প্রত্যয়ে নিজেদেরকে দক্ষ করে গড়ে তোলার আহবান জানান।

কারিগরি মেলা ও স্কিলস কম্পিটিশনের বিজয়ীরা প্রধান অতিথির নিকট হতে সনদপত্র ও পুরস্কার গ্রহণ করে।

পরিশেষে অনুষ্ঠানের সভাপতি এবং অধ্যক্ষ জনাব মুহাম্মদ মাজহারুল ইসলাম চৌধুরী প্রধান অতিথিসহ,সকল আমন্ত্রিত অতিথি, শিক্ষক ,কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দকে ধন্যবাদ জানিয়ে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সপ্তাহ - ২০২৩ এর সমাপনী সাংস্কৃতিক ও পুরস্কার বিতরনী অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।






<u>সাংস্কৃতিক ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের কিছু খন্ডচিত্র</u>





প্রধান অতিথি ও অধ্যক্ষ মহোদয়ের বক্তব্যের স্থির চিত্র

*****

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ফেনী কম্পিউটার ইনস্টিটিউট, ফেনী।
Website: www.fci.gov.bd

স্মারক নং-৫৭.০৩.৩০২৯.৪০১.১৮.১১৭.২২.৭৭১৬ | তারিখ: ০৮/০৬/২০২৩ খ্রি:

# অফিস আদেশ

কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.০৩.০০০০.০১১.৯৯.০০২.২২-১৫৭, তারিখ: ০৬/০৬/২০২৩ খ্রি: মোতাবেক "স্মার্ট শিক্ষা স্মার্ট দেশ, শেখ হাসিনার বাংলাদেশ" স্লোগানে ১৫ জুন, ২০২৩ খ্রি: হতে ১৮ জুন, ২০২৩ খ্রি: তারিখ পর্যন্ত কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সপ্তাহ-২০২৩ উদ্‌যাপন করার নিমিত্তে নিম্নোক্ত শিক্ষক ও কর্মচারীগণের সমন্বয়ে কমিটি গঠন করা হলো:

| ক্র: নং | নাম ও পদবী | কমিটির পদ |
|---|---|---|
| ০১ | জনাব দেবব্রত কুমার নাথ, চিফ ইন্সট্রাক্টর (নন-টেক) ও একাডেমিক ইনচার্জ-১ম শিফট | আহবায়ক |
| ০২ | জনাব মোহাম্মদ আব্দুল্লাহ আল মামুন, চিফ ইন্সট্রাক্টর (টেক) কম্পিউটার ও একাডেমিক ইনচার্জ-২য় শিফট | সদস্য সচিব |
| ০৩ | জনাব মুকিতু মাহমুদ, ইন্সট্রাক্টর (টেক) ও বিভাগীয় প্রধান টিসিটি-২য় শিফট | সদস্য |
| ০৪ | জনাব মোঃ দুলাল হোসাঈন, ইন্সট্রাক্টর (নন-টেক) বাংলা | সদস্য |
| ০৫ | জনাব আফরোজা জয়নব, ইন্সট্রাক্টর (টেক) কম্পিউটার ও বিভাগীয় প্রধান টিসিটি -১ম শিফট | সদস্য |
| ০৬ | জনাব মোঃ নকিবুল হাসান, নিরাপত্তা কর্মকর্তা (ভারপ্রাপ্ত) | সদস্য |
| ০৭ | জনাব মোহাম্মদ মজিদের রহমান, ইন্সট্রাক্টর (নন-টেক) পদার্থ বিজ্ঞান | সদস্য |
| ০৮ | জনাব জাফর ইকবাল রেজিস্টার (ভারপ্রাপ্ত) | সদস্য |
| ০৯ | জনাব সজীব দেব নাথ, কেয়ারটেকার (ভারপ্রাপ্ত) | সদস্য |
| ১০ | জনাব সুজন মিয়া, অফিস সহায়ক | সদস্য |

০২। গঠিত কমিটি কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সপ্তাহ-২০২৩ উদ্‌যাপনে কারিগরি শিক্ষা অধিদপ্তরের প্রদত্ত কর্মসূচি যথাযথভাবে অনুসরণপূর্বক নিম্নস্বাক্ষরকারীর সহিত পরামর্শক্রমে অনুষ্ঠান আয়োজনে যাবতীয় কার্যক্রম গ্রহণ করবেন।

০৩। কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সপ্তাহ-২০২৩ উদ্‌যাপন শেষে একটি সচিত্র প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর নিকট জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-
(মুহাম্মদ মাজহারুল ইসলাম চৌধুরী)
অধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ০২৩৩৪৪৭২৯৮৮
Email: fci_bd@yahoo.com

স্মারক নং-৫৭.০৩.৩০২৯.৪০১.১৮.১১৭.২২.৭৭১৬(২৬) | তারিখ: ০৮/০৬/২০২৩ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১২০৭।
২-৫। পরিচালক (প্রশাসন/পিআইডব্লিউ/পিআইইউ/পরিঃ উন্নয়ন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১২০৭।
৬। পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ, রামমালা, কুমিল্লা-৩৫০০।
৭। জেলা প্রশাসক, ফেনী।
৮। জেলা পুলিশ সুপার, ফেনী।
৯। সহকারী পরিচালক-১/২/৩/৪, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১২০৭।
১০-১১। একাডেমিক ইনচার্জ (১ম ও ২য় শিফট), অত্র ইনস্টিটিউট।
১২। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ফেনী।
১৩-১৬। চিফ ইন্সট্রাক্টর/বিভাগীয় প্রধান (সকল), অত্র ইনস্টিটিউট।
১৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, অত্র ইনস্টিটিউট (প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১৮-২৪। শাখা প্রধান (সকল), অত্র ইনস্টিটিউট।
২৫। জনাব ..........................................................................................।
২৬। সংরক্ষণ নথি।

(মুহাম্মদ মাজহারুল ইসলাম চৌধুরী)
অধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০২ (এপিএ, সমন্বয় ও আইসিটি)
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

নম্বর- ৫৭.০৩.০০০০.০১১.৯৯.০০২.২২-১৫৭ | তারিখ: ০৬/০৬/২০২৩ খ্রি.

**বিষয়: কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সপ্তাহ-২০২৩ উদযাপন।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ''স্মার্ট শিক্ষা স্মার্ট দেশ, শেখ হাসিনার বাংলাদেশ'' স্লোগানে আগামী ১৪ জুন, ২০২৩ তারিখ হতে দেশব্যাপী অধিদপ্তরাধীন সকল প্রতিষ্ঠানে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সপ্তাহ-২০২৩ উদযাপিত হবে। উক্ত অনুষ্ঠানের কর্মসূচি নিম্নরূপ:

| দিন/ তারিখ | অনুষ্ঠানের বিবরণ |
|---|---|
| ১ম দিন<br>১৪ জুন, ২০২৩ | • র‍্যালি ( সকাল ৮.৩০ মিনিটে দেশব্যাপী একযোগে অনুষ্ঠিত হবে)<br>• উদ্বোধনী অনুষ্ঠান<br>• অভিভাবক সম্মেলন<br>• ল্যাব ওয়ার্কশপ পরিদর্শন |
| ২য় দিন<br>১৫ জুন, ২০২৩ | • কারিগরি মেলা আয়োজন<br>• মত বিনিময় (নলেজ শেয়ারিং) সভা |
| ৩য় দিন<br>১৬ জুন, ২০২৩ | • জব ফেয়ার<br>• শিল্প-কারখানা ও প্রতিষ্ঠানের মধ্যে সমোঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠান<br>• সেমিনার (কারিগরি দক্ষতা সম্পন্ন ব্যক্তি এবং শিল্প-কারখানার মালিকগণের সমন্বয়ে) |
| ৪র্থ দিন<br>১৭ জুন, ২০২৩ | • জব ফেয়ার<br>• সেমিনার (সরকারি/বেসরকারি সকল কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ, সরকারি/বেসরকারি সকল দপ্তর/প্রতিষ্ঠানের প্রধানগণ) |
| ৫ম দিন<br>১৮ জুন, ২০২৩ | • সমাপনী অনুষ্ঠান<br>• পুরস্কার বিতরণী অনুষ্ঠান<br>• সাংস্কৃতিক অনুষ্ঠান |

বর্ণিত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

শর্তাবলী:
(ক) কারিগরি শিক্ষা অধিদপ্তরের ০৫ জুন, ২০২৩ তারিখের ৫৭.০৩.০০০০.০১০.১৮.০০৮.২২-১১৫ নং স্মারক অনুযায়ী বর্ণিত কর্মসূচি বাস্তবায়ন ও ব্যয় নির্বাহ করতে হবে;
(খ) জব ফেয়ার ও স্কিলস কম্পিটিশন আয়োজনের যাবতীয় ব্যয়ভার Accelerating and Strengthening Skills for Economic Transformation (ASSET) প্রকল্প হতে নির্বাহ করা হবে;
(গ) অনুষ্ঠানের অর্থ ব্যয়ের ক্ষেত্রে সরকারের প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান ও নিয়মাচার যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

(এ, ওয়াই, এম, জিয়াউদ্দীন আল-মামুন)
পরিচালক (পিআইডব্লিউ)
ও
পরিচালক (প্রশাসন) রুটিন দায়িত্ব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ফেনী কম্পিউটার ইনস্টিটিউট, ফেনী।
Website: www.fci.gov.bd.

স্মারক নং-৫৭.০৩.৩০২৯.৪০১.১৮.১১৭.২২.৭৭২৩ তারিখ: ১২/০৬/২০২৩ খ্রি:

## অফিস আদেশ

কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.০৩.০০০০.০১১.৯৯.০০২.২২-১৫৭, তারিখ: ০৬/০৬/২০২৩ খ্রি: মোতাবেক "স্মার্ট শিক্ষা স্মার্ট দেশ, শেখ হাসিনার বাংলাদেশ" স্লোগানে ১৪ জুন, ২০২৩ খ্রি: হতে ১৮ জুন, ২০২৩ খ্রি: তারিখ পর্যন্ত কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সপ্তাহ-২০২৩ উদ্‌যাপন করার নিমিত্তে মূল কমিটির সুপারিশের প্রেক্ষিতে নিম্নোক্ত উপ কমিটিসমূহ গঠন করা হলো:

| ক্রমিক নং | উপ-কমিটির নাম | উপ-কমিটির সদস্য/আহ্বায়কের নাম ও পদবী |
|---|---|---|
| ০১ | র‍্যালি আয়োজন | ১। মোঃ দুলাল হোসাঈন, ইনস্ট্রাক্টর(নন-টেক)বাংলা<br>২। মোহাম্মদ মজিদের রহমান, ইনস্ট্রাক্টর(নন-টেক)<br>৩। মোঃ নকিবুল হাসান, ইনস্ট্রাক্টর(টেক) ও নিরাপত্তা কর্মকর্তা(অতিঃ)<br>৪। প্রকৌঃ ইশরাক হোসাঈন, ইনস্ট্রাক্টর(টেক)<br>৫। এম এ মলি, জুনিয়র ইনস্ট্রাক্টর(টেক) |
| ০২ | উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠান এবং অভিভাবক সমাবেশ আয়োজন | ১। আফরোজা জয়নব, ইনস্ট্রাক্টর(টেক) ও বিঃপ্রঃ(টিসিটি) ১ম শিফট<br>২। মোঃ নকিবুল হাসান, ইনস্ট্রাক্টর(টেক) ও নিরাপত্তা কর্মকর্তা(অতিঃ)<br>৩। স্বপন চন্দ্র সরকার, জুনিয়র ইনস্ট্রাক্টর(নন-টেক)<br>৪। মোবারাহ আক্তার নীরা, জুনিয়র ইনস্ট্রাক্টর(টেক)<br>৫। জহির সাদমান, ক্রাফট ইনস্ট্রাক্টর<br>৬। রাজিব সরকার, ক্রাফট ইনস্ট্রাক্টর<br>৭। প্রদীপ দাস, ক্রাফট ইনস্ট্রাক্টর |
| ০৩ | ল্যাব/ওয়ার্কসপ পরিদর্শন, কারিগরি মেলা আয়োজন ও মত বিনিময় (নলেজ শেয়ার)। | ১। মুকিতু মাহমুদ, ইনস্ট্রাক্টর(টেক) ও বিঃপ্রঃ(টিসিটি) ২য় শিফট<br>২। প্রকৌঃ মোঃ সাজ্জাদ আরেফিন, ইনস্ট্রাক্টর(টেক)<br>৩। মোঃ আব্দুস সোবহান শামীম, ইনস্ট্রাক্টর(টেক)<br>৪। নাহিদা সুলতানা, জুনিয়র ইনস্ট্রাক্টর(টেক)<br>৫। শ্রীকান্ত দাস, ক্রাফট ইনস্ট্রাক্টর<br>৬। মোঃ নাসিরুল হক, ক্রাফট ইনস্ট্রাক্টর<br>৭। মোঃ ফারুক আহমেদ চৌধুরী, ক্রাফট ইনস্ট্রাক্টর |
| ০৪ | জব ফেয়ার আয়োজন ও শিল্পকারখানা ও প্রতিষ্ঠানের মধ্যে সমঝোতা স্মারক, স্বাক্ষর অনুষ্ঠান আয়োজন। | ১। মোহাম্মদ আব্দুল্লাহ আল মামুন, চিফ ইনস্ট্রাক্টর(টেক) ও বিঃপ্রঃ(সিএসটি)<br>২। হেলাল উদ্দিন, ইনস্ট্রাক্টর(টেক)<br>৩। মোঃ ইউনুস, জব প্লেসমেন্ট অফিসার (SEIP)<br>৪। মোঃ সোহেল রানা, জুনিয়র ইনস্ট্রাক্টর(টেক)<br>৫। তাসনুভা বেগম, জুনিয়র ইনস্ট্রাক্টর(টেক)<br>৬। মোঃ ইমরুল হাসান, ক্রাফট ইনস্ট্রাক্টর<br>৭। মোঃ শাওন আহমেদ, ক্রাফট ইনস্ট্রাক্টর |
| ০৫ | মতবিনিময় সভা ও সেমিনার | ১। দেবব্রত কুমার নাথ, চিফ ইনস্ট্রাক্টর(নন-টেক)<br>২। শেখ জসিম উদ্দিন, ইনস্ট্রাক্টর(নন-টেক)<br>৩। হেলাল উদ্দিন, ইনস্ট্রাক্টর(টেক)<br>৪। মোঃ ইউনুস, জব প্লেসমেন্ট অফিসার(SEIP)<br>৫। মোঃ আব্দুস সোবহান শামীম, ইনস্ট্রাক্টর(টেক)<br>৬। মোঃ আশরাফুল ইসলাম, ল্যাব সহকারী(বিজ্ঞান)<br>৭। অসীম চক্রবর্তী, ক্রাফট ইনস্ট্রাক্টর |

চলমান পাত-০২

| ক্রমিক নং | উপ-কমিটির নাম | উপ-কমিটির সদস্য/আহ্বায়কের নাম ও পদবী |
| --- | --- | --- |
| ০৬ | সাংস্কৃতিক ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান | ১। আফরোজা জয়নব, ইনস্ট্রাক্টর(টেক) ও বিঃপ্রঃ(টিসিটি) ১ম শিফট<br>২। স্বপন চন্দ্র সরকার, জুনিয়র ইনস্ট্রাক্টর(নন-টেক)<br>৩। রাজীব কুমার ঘোষ, ইনস্ট্রাক্টর(নন-টেক)<br>৪। মোঃ সানোয়ার হোসেন, ইনস্ট্রাক্টর(নন-টেক)<br>৫। জহির সাদমান, ক্রাফট ইনস্ট্রাক্টর |
| ০৭ | ভেন্যু প্রস্তুত, ব্যানার ও লজিস্টিক সাপোর্ট প্রদান | ১। মোঃ নকিবুল হাসান, ইনস্ট্রাক্টর(টেক) ও নিরাপত্তা কর্মকর্তা(অতিঃ)<br>২। সজীব দেবনাথ, ক্রাফট ইনস্ট্রাক্টর ও কেয়ারটেকার(ভারপ্রাপ্ত)<br>৩। শাওন আহমেদ, ক্রাফট ইনস্ট্রাক্টর<br>৪। শ্রীকান্ত দাস, ক্রাফট ইনস্ট্রাক্টর |
| ০৮ | মিডিয়া ও প্রতিবেদন প্রস্তুত | ১। স্বপন চন্দ্র সরকার, জুনিয়র ইনস্ট্রাক্টর(নন-টেক)<br>২। মোঃ সোহেল রানা, জুনিয়র ইনস্ট্রাক্টর(টেক)<br>৩। জহির সাদমান, ক্রাফট ইনস্ট্রাক্টর |
| ০৯ | শৃঙ্খলা | ১। মোহাম্মদ মজিদের রহমান, ইনস্ট্রাক্টর(নন-টেক)<br>২। নাজমুন নাহার, জুনিয়র ইনস্ট্রাক্টর(টেক)<br>৩। সজীব দেবনাথ, ক্রাফট ইনস্ট্রাক্টর ও কেয়ারটেকার(ভারপ্রাপ্ত) |
| ১০ | আপ্যায়ন | ১। শেখ জসিম উদ্দিন, ইন্সট্রাক্টর (নন-টেক)<br>২। মোঃ সানোয়ার হোসেন ইন্সট্রাক্টর (নন-টেক)<br>৩। মোঃ সোহেল রানা, জুনিয়র ইন্সট্রাক্টর (সিএসটি) |

০২। গঠিত উপকমিটি কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সপ্তাহ-২০২৩ উদ্‌যাপনে কারিগরি শিক্ষা অধিদপ্তরের প্রদত্ত কর্মসূচি যথাযথভাবে অনুসরণপূর্বক নিম্নস্বাক্ষরকারী এবং মূল কমিটির পরামর্শক্রমে অনুষ্ঠান আয়োজনে যাবতীয় কার্যক্রম গ্রহণ করবেন।

স্বাক্ষরিত/-
(মুহাম্মদ মাজহারুল ইসলাম চৌধুরী)
অধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ০২৩৩৪৪৭২৯৮৮
Email: fci_bd@yahoo.com

স্মারক নং-৫৭.০৩.৩০২৯.৪০১.১৮.১১৭.২২.৭৭২৩(২৬) তারিখ: ১২/০৬/২০২৩ খ্রিঃ

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)</u>

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১২০৭।
২-৫। পরিচালক (প্রশাসন/পিআইডব্লিউ/পিআইইউ/পরিঃ উন্নয়ন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১২০৭।
৬। পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ, রামমালা, কুমিল্লা-৩৫০০।
৭। জেলা প্রশাসক, ফেনী।
৮। জেলা পুলিশ সুপার, ফেনী।
৯। সহকারী পরিচালক-১/২/৩/৪, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১২০৭।
১০-১১। একাডেমিক ইনচার্জ (১ম ও ২য় শিফট), অত্র ইনস্টিটিউট।
১২। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ফেনী।
১৩-১৬। চিফ ইন্সট্রাক্টর/বিভাগীয় প্রধান (সকল), অত্র ইনস্টিটিউট।
১৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, অত্র ইনস্টিটিউট (প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১৮-২৪। শাখা প্রধান (সকল), অত্র ইনস্টিটিউট।
২৫। জনাব ..........................................................................।
২৬। সংরক্ষণ নথি।

(মুহাম্মদ মাজহারুল ইসলাম চৌধুরী)
অধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব)

the daily observer
Dhaka Saturday JUNE 17 2023 www.observerbd.com

TECHNICAL EDUCATION WEEK IN DISTRICTS

# Thrust on producing skilled human resources

**Our Correspondents**

Technical and Vocational Education Week-2023 began on Wednesday across the country with a call to popularise technical and vocational education among all to produce skilled human resources for overall development of the country.

This year's theme of the week is - 'Smart Education Smart Country, Sheikh Hasina's Bangladesh'.

To mark the Week, different programmes were organized in districts including Feni and Gaibandha.

FENI: On this occasion, different programmes were organized in the district.

Feni Deputy Commissioner (DC) Abu Salim Mahmud-ul Hasan inaugurated a rally on the Feni Polytechnic Institute premises in the town in the morning.

Students and teachers from various educational institutions took part in the rally, which paraded the main streets of the town.

Principal of Feni Polytechnic Institute Engineer Pradipta Khisa, Feni Computer Institute Principal Muhammad Mazharul Islam, Feni Technical School and College Principal Engineer Kazi Mejbaul Islam, and President of Feni Polytechnic Institute Teachers' Association GM Tajuddin Polash, among others, were also present at that time.



Feni DC Abu Salim Mahmud-ul Hasan inaugurating the Technical and Vocational Education Week-2023 on the Fe Polytechnic Institute premises in the town on Wednesday. PHOTO: OBSERV

রোববার
১৯ জুন ২০২৩
৫ আষাঢ় ১৪৩০
২৯ জিলক্বদ ১৪৪৪

দৈনিক
আমার ফেনী
সাদাকে সাদা কালোকে কালো বলাই আমাদের অঙ্গীকার
www.doinikamarfeni.com

ফেনী কম্পিউটার ইনস্টিটিউটে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সপ্তাহ পালিত

# কারিগরি শিক্ষার সম্ভাবনার দ্বার খুলে দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

-শুসেন চন্দ্র শীল

নিজস্ব প্রতিবেদক

স্মার্ট শিক্ষা স্মার্ট দেশ, শেখ হাসিনার বাংলাদেশ এই প্রতিপাদ্যকে সামনে রেখে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সপ্তাহ দিবস পালিতমহয়েছে। গতকাল রোববার ফেনী কম্পিউটার ইনস্টিটিউটে দেশব্যাপী কর্মসূচির অংশ হিসেবে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সপ্তাহ, কারিগরি শিক্ষার গুরুত্ব, উপলক্ষে পুরুস্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন ফেনী সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান শুসেন চন্দ্র শীল।



প্রধান অতিথির বক্তব্যে শুসেন চন্দ্র শীল বলেন, কারিগরি শিক্ষায় শিক্ষিত হয়ে বিশ্বের অনেকগুলো দেশ উন্নত স্বনির্ভর দেশে রুপান্তরিত হয়েছে। বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্বপ্ন আগামীর স্মার্ট বাংলাদেশে বর্তমানের কারিগরি শিক্ষায় দক্ষ শিক্ষার্থীরা অবদান রাখবে। বিশ্বের মধ্যে এশিয়ার দেশ চীন এবং জাপান তাদের শিক্ষা পদ্ধতিকে কারিগরি এবং বৃত্তিমূলক করতে পেরেছে বলেই আজ তারা নিজেদেরকে উন্নত দেশ হিসেবে পরিচয় দিতে পারছে। তাই আমাদের দেশেও কারিগরি

● ৩-এর পাতায় দেখুন

## কারিগরি শিক্ষার সম্ভাবনার

শিক্ষাকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে শেখ হাসিনা সরকার কাজ করে যাচ্ছেন। এরই সাথে অভিভকরাও এগিয়ে আসতে হবে সন্তানকে সম্ভাবনাময় এই শিক্ষায় শিক্ষিত করার জন্য।

ফেনী কম্পিউটার ইন্সটিটিউটের সেমিনার কক্ষে ইনস্টিটিউটের অধ্যক্ষ মুহাম্মদ মাজহারুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানটি পরিচালনা করেন টেলি কমিউনিকেশন ইন্সট্রাক্টর টুকিত মাহমুদ। স্বাগত বক্তব্য রাখেন, চীফ ইন্সট্রাক্টর দেবব্রত কুমার নাথ।

প্রধান অতিথি ইনস্টিটিউটের শিক্ষক ও শিক্ষার্থীদের বিভিন্ন দাবির প্রেক্ষিতে সুপেয় পানির ব্যবস্থা, কলেজ সম্মুখে আধুনিক মানের যাত্রী ছাউনি নির্মাণ, সাংস্কৃতিক ক্লাবের যন্ত্রসহ বিভিন্ন সরঞ্জাম সামগ্রী ও খেলার মাঠ ভরাটের ব্যবস্থা নেয়া হবে।

আরো বক্তব্য রাখেন- চীফ ইন্সট্রাক্টর আবদুল্লাহ আল মামুন, ইন্সট্রাক্টর আফরোজা জয়নব, ফেনী কম্পিউটার ইনস্টিটিউট শিক্ষক সমিতির সভাপতি দুলাল হোসেন, ইন্সট্রাক্টর রকিবুল হাসান, ভারপ্রাপ্ত রেজিস্টার জাফর ইকবাল, ইনস্টিটিউট কলেজ ছাত্রলীগের সভাপতি শেখ আবিদ উল্যা, সাধারণ সম্পাদক জাহিদুল হক।

এ সময় বক্তারা শিক্ষার্থীদের নিয়মিত ক্লাসে উপস্থিতি, পড়াশুনা ও স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে কারিগরি শিক্ষার গুরুত্ব বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন দিকনির্দেশনা দেন।

কারিগরি মেলায় প্রথম স্থান অধিকার করেন ফেনী কম্পিউটার ইনস্টিটিউটের ডিটিএনটি, দ্বিতীয় স্থান অধিকার করেন টিসিটি, তৃতীয় স্থান অধিকার করেন সিএসটি। শেষে বিজয়ীদের হাতে পুরুস্কার তুলে দেন অতিথিবৃন্দ । শুরুতে সাংস্কৃতিক অনুষ্ঠানে গান পরিবেশন করেন ফেনী কম্পিউটার ইনস্টিটিউটের শিক্ষার্থীবৃন্দ ।

বৃহস্পতিবার
১৫ জুন ২০২৩
১ আষাঢ় ১৪৩০
২৫ জিলক্বদ ১৪৪৪

দৈনিক
আমার ফেনী
সাদাকে সাদা কালোকে কালো বলাই আমাদের অঙ্গীকার
www.dainikamarfeni.com



# ফেনীতে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সপ্তাহের উদ্বোধন

শহর প্রতিনিধি

'স্মার্ট শিক্ষা স্মার্ট দেশ, শেখ হাসিনার বাংলাদেশ' এই প্রতিপাদ্যকে সামনে রেখে ফেনীতে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সপ্তাহ পালন করা হয়েছে। কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সপ্তাহের উদ্বোধন করেন ফেনী জেলা প্রশাসক আবু সেলিম মাহমুদ-উল হাসান। দিবসটি উপলক্ষে গতকাল বুধবার ফেনী পলিটেকনিক ইনস্টিটিউটের মূল ফটক থেকে একটি র‍্যালী বের করা হয়। র‍্যালীটি ফেনী জেনারেল হাসপাতালের মোড় প্রদক্ষিণ করে পুনরায় ফেনী পলিটেকনিক

**কারিগরি শিক্ষায় শিক্ষিত না হলে উন্নত বাংলাদেশ গড়ে তোলা সম্ভব না**
-জেলা প্রশাসক ফেনী

● ৩-এর পাতায় দেখুন

## ফেনীতে কারিগরি ও বৃত্তিমূলক

ইনস্টিটিউটের শহীদ চত্বরে এসে শেষ হয়। র‍্যালীটির আয়োজনে ছিলেন, কারিগরি শিক্ষা অধিদপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ ও শিক্ষা মন্ত্রণালয়।

ফেনী পলিটেকনিক ইনস্টিটিউটের শহীদ চত্বরের সামনে ফেনী পলিটেকনিক্যাল ইনস্টিটিউটের শিক্ষক সমিতির সভাপতি ও ব্যবস্থাপনা বিভাগের শিক্ষক জি.এম. আজ উদ্দিন পলাশের সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন, ফেনী পলিটেকনিক ইনস্টিটিউটের অধ্যক্ষ প্রকৌশলী প্রদীপ্ত বীসা, ফেনী কম্পিউটার ইন্সটিটিউটের অধ্যক্ষ প্রকৌশলী মো. রফিক উল্লাহ ও ফেনী সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ কাজী মেজবাহউল ইসলাম। অনুষ্ঠানের উদ্বোধক ফেনী জেলা প্রশাসক আবু সেলিম মাহমুদ-উল হাসান শিক্ষার্থীদের উদ্দেশ্য বলেন, আমার দেখে খুব ভালো লাগছে যে বাংলাদেশে কারিগরি শিক্ষা সপ্তাহ উদযাপন হচ্ছে। কারিগরি শিক্ষার গুরুত্ব অত্যন্ত ব্যাপক ও সম্মানের তা অভিভাবকদেরকে বুঝানোর জন্য মূলত শিক্ষা সপ্তাহ পালন করা হচ্ছে। তরুণ প্রজন্ম কারিগরি শিক্ষায় শিক্ষিত না হলে উন্নত বাংলাদেশ গড়ে তোলা সম্ভব না। তাই উন্নত দেশে কারিগরি শিক্ষার উপর বিশেষ জোর দেওয়া হয়। অনুষ্ঠানে ফেনী পলিটেকনিক ইনস্টিটিউট, ফেনী কম্পিউটার ইনস্টিটিউট, ফেনী সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের শিক্ষক-শিক্ষার্থী কর্মকর্তা-কর্মচারী, সাংবাদিক ও ফেনীতে অবস্থিত সকল কারিগরি প্রতিষ্ঠানে প্রধানগণ উপস্থিত ছিলেন।

# দৈনিক ফেনী

বস্তুনিষ্ঠ সংবাদ

রোববার ১৮ জুন ২০২৩





ফেনী কম্পিউটার ইন্সটিটিউটে স্কিল কম্পিটিশন

## চাকরী মিলল ১৭ তরুণের

শহর প্রতিনিধি

ফেনী কম্পিউটার ইন্সটিটিউটে কারিগরি শিক্ষা অধিদপ্তরের এ্যাসেট প্রকল্পের অর্থায়নে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সপ্তাহ উপলক্ষে স্কিল কম্পিটিশন ও সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

শনিবার ( ১৭ জুন) ইনস্টিটিউট মিলনায়তনে স্কিল কম্পিটিশন ফেনী কম্পিউটার ইন্সটিটিউটের অধ্যক্ষ মুহাম্মদ মাজহারুল ইসলাম চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ মাসুদুর রহমান।

বিশেষ অতিথি ছিলেন, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী ইশরাত নুসরাত সিদ্দিকী, পিডিবির নির্বাহী প্রকৌশলী আ স ম রেজাউন নবী, জেলা একাউন্স ও ফাইন্যান্স অফিসার এটিএম মাহমুদুল করিম ও কারিগরি শিক্ষা অদিপ্তরের ইকুইপমেন্ট অফিসার এনামুল হক রাকিব।

স্বাগত বক্তব্য রাখেন ফেনী কম্পিউটার ইন্সটিউটের একাডেমকি ইনচার্জ দেবব্রত কুমার নাথ। অনুষ্ঠানে বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান, শিক্ষক-শিক্ষার্থী ও বিভিন্ন পেশার লোকজন উপস্থিত ছিলেন।

স্কিল কম্পিটিশনে ইনস্টিটিউটের তিনটি বিভাগের শিক্ষার্থীরা ৯টি প্রজেক্ট উপস্থাপন করেন। উপস্থিত অতিথিবৃন্দ প্রজেক্টগুলো পরিদর্শন করে সন্তোষ প্রকাশ করেন। সেমিনারে শিল্প প্রতিষ্ঠান ৩-এর পৃষ্ঠায় দেখুন

## চাকরী মিলল ১৭ তরুণের

মালিক, শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, ছাত্র প্রতিনিধিসহ বিভিন্ন পেশাজীবী মানুষ অংশ গ্রহণ করেন।

এরপরে বিকালে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে কারিগরি শিক্ষার গুরুত্ব ও করণীয় শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন উক্ত প্রতিষ্ঠানের কম্পিউটার বিভাগের প্রশিক্ষক আবদুস সোবহান শামীম। প্রধান অতিথি ছিলেন ফেনী পলিটেকনিক ইনস্টিটিউটের অধ্যক্ষ প্রদীপ্ত খীসা। বিশেষ অতিথি ছিলেন, পিডিবির নির্বাহী প্রকৌশলী আ স ম রেজাউন নবী।

ফেনী কম্পিউটার ইন্সটিউটের অধ্যক্ষ মুহাম্মদ মাজহারুল ইসলাম চৌধুরীর সভাপতিত্বে সেমিনারটি সঞ্চালনা করেন ইন্সটিউটের একাডেমকি ইনচার্জ দেবব্রত কুমার নাথ।

এছাড়াও দেনব্যাপী চাকরী মেলা ও শিল্প প্রতিষ্ঠানের সাথে ফেনী কম্পিউটার ইনস্টিটিটের মধ্যে সমোযোতা সাক্ষর অনুষ্ঠিত হয়। মেলায় তাৎক্ষনিক ভাবে ১৭ জনকে চাকরী প্রদান করা হয় এবং দুটি শিল্প প্রতিষ্ঠানের সাথে সমঝোতা স্মারক সাক্ষর করা হয়।

দৈনিক এগিয়ে থাকার প্রত্যয়
ফেনীর সময়
The Daily fenirshomoy
ফেনী সোমবার, ১৯ জুন ২০২৩, ০৫ আষাঢ় ১৪৩০, ২৯ জিলকদ, ১৪৪৪, রেজি. নং ৫৭৪, বর্ষ-১৫, সংখ্যা-৩



স্কিল কম্পিটিশনে বিজয়ী শিক্ষার্থীদের সনদ তুলে দিচ্ছেন উপজেলা চেয়ারম্যান শুসেন চন্দ্র শীল > ফেনীর সময়

ফেনী কম্পিউটার ইনস্টিটিউটে কারিগরী সপ্তাহের সমাপনীতে শুসেন

# স্মার্ট বাংলাদেশ গড়তে তরুণদের দক্ষ হতে হবে

নিজস্ব প্রতিনিধি

ফেনী সদর উপজেলা পরিষদ চেয়ারম্যান শুসেন চন্দ্র শীল বলেছেন, "পুঁথিগত বিদ্যা জীবন পরিবর্তনের জন্য কাজে আসেনা। কারিগরী শিক্ষা গ্রহণ করে জাতি ও রাষ্ট্রের কল্যাণে কাজ করার সুযোগ রয়েছে। প্রধানমন্ত্রী সেটি উপলব্ধি করে প্রতিটি উপজেলায় কারিগরী প্রতিষ্ঠান স্থাপন করছেন। দক্ষ জনগোষ্ঠী রূপান্তরের জন্য গোটা শিক্ষা ব্যবস্থাকে পরিবর্তন করে দিচ্ছেন। বাংলাদেশ কেন সিঙ্গাপুর, আমেরিকা, লন্ডন, চীন, রাশিয়া ও ইউরোপ হবেনা সেই স্বপ্ন দেখতে শুরু করেছেন। ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ গড়তে তরুণরা নিজেদের স্মার্ট হওয়ার স্বপ্ন দেখছেন। এজন্য উদ্ভাবনী চিন্তা বের করে আনতে হবে।"

"স্মার্ট শিক্ষা স্মার্ট দেশ, শেখ হাসিনার বাংলাদেশ" এই প্রতিপাদ্য নিয়ে গতকাল রবিবার বিকালে ফেনী কম্পিউটার ইনস্টিটিউটে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সপ্তাহের পুরস্কার বিতরণ অনুষ্ঠানে তিনি প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। শুসেন চন্দ্র শীল আরো বলেন, "চাহিদানুযায়ী বাংলাদেশকে বিনির্মাণ করতে হবে। মেধাবী শিক্ষার্থীরা নিজেদের দক্ষ করে তুললে প্রতিটি ক্ষেত্রে ভূমিকা

● ৩ এর পাতায় দেখুন

রাখতে পারবে। বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়তে দেশকে এগিয়ে নিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। ২০০৮ সালে তিনি ডিজিটাল বাংলাদেশের স্বপ্ন দেখিয়েছেন। সেটি আজ বাস্তব দৃশ্যমান। তখন যারা সমালোচনা করেছিলেন তারাও ডিজিটাল বাংলাদেশের সুবিধা ভোগ করছেন।" তিনি শিক্ষকদের দাবীর প্রেক্ষিতে সুপেয় পানির ব্যবস্থা, কলেজ সম্মুখে আধুনিক মানের যাত্রী ছাউনি নির্মাণ, সাংস্কৃতিক ক্লাবের যন্ত্রসহ বিভিন্ন সরঞ্জাম সামগ্রী ও খেলার মাঠ ভরাটের ব্যবস্থা গ্রহণের আশ্বাস দেন।

ইনস্টিটিউটের সেমিনার কক্ষে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অধ্যক্ষ মুহাম্মদ মাজহারুল ইসলাম চৌধুরী।

সিভিল বিভাগের বিভাগীয় প্রধান মুক্তি মাহমুদের সঞ্চালনায় স্বাগত বক্তব্য রাখেন প্রথম শিফটের একাডেমিক ইনচার্জ ও নন টেক এর চিফ ইন্সট্রাক্টর দেবব্রত কুমার নাথ। আরো বক্তব্য রাখেন দ্বিতীয় শিফটের একাডেমিক ইনচার্জ ও সিএসটি-ডিটিএনটি বিভাগের চিফ ইন্সট্রাক্টর আবদুল্লাহ আল মামুন, আইপিসিটি বিভাগের বিভাগীয় প্রধান আফরোজা জমন, ফেনী কম্পিউটার ইনস্টিটিউট শিক্ষক সমিতির সভাপতি দুলাল হোসেন, ইন্সট্রাক্টর রফিকুল হাসান, ভারপ্রাপ্ত রেজিস্টার জাফর ইকবাল, ইনস্টিটিউট ছাত্রলীগের সভাপতি শেখ আবিদ উল্যা, সাধারণ সম্পাদক জাহিদুল হক। অনুষ্ঠানে স্কিল কম্পিটিশন ও কারিগরী মেলায় বিজয়ী প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জনকারীদের পুরস্কার প্রদান করা হয়। এর আগে শিক্ষার্থী সাবেয়া শাহরিনের সঞ্চালনায় সাংস্কৃতিক ক্লাবের সদস্যদের পরিবেশনায় মনোমুগ্ধকর নাচ, দেশীয় গান, পল্লীগীতি, রবীন্দ্র সংগীত, নাটিকা উপভোগ করেন অতিথি ও শিক্ষক-শিক্ষার্থীরা।

দৈনিক
এগিয়ে থাকার প্রত্যয়
ফেনীর সময়
The Daily fenirshomoy

ফেনী রোববার, ১৮ জুন ২০২৩, ০৪ আষাঢ় ১৪৩০, ২৮ জিলক্বদ. ১৪৪৪, রেজি. নং চ ৫৭৪, বর্ষ-১৫, সংখ্যা-২




বক্তব্য রাখছেন ফেনী কম্পিউটার ইনস্টিটিউট অধ্যক্ষ প্রকৌশলী প্রদীপ্ত খিসা

# ফেনী কম্পিউটার ইনস্টিটিউটে স্কিল কম্পিটিশন ও সেমিনার

## তাৎক্ষণিক চাকরী পেলো ১৭ তরুণ

সদর প্রতিনিধি

ফেনী কম্পিউটার ইন্সটিটিউটে কারিগরি শিক্ষা অধিদপ্তরের এ্যাসেট প্রকল্পের অর্থায়নে কারিগরি ও বৃত্তিমুলক শিক্ষা সপ্তাহ উপলক্ষে স্কিল কম্পিটিশন ও সেমিনার অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার ইনস্টিটিউট মিলনায়তনে স্কিল কম্পিটিশন ফেনী কম্পিউটার ইন্সটিউটের অধ্যক্ষ মুহাম্মদ মাজহারুল ইসলাম চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ মাসুদুর রহমান। বিশেষ অতিথি ছিলেন শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী ইশরাত নুসরাত সিদ্দিকী, পিডিবির নির্বাহী প্রকৌশলী আ স ম রেজাউল নবী, জেলা একাউন্স ও ফাইন্যান্স অফিসার এটিএম মাহমুদুল করিম, কারিগরি শিক্ষা অদিপ্তরের ইকুইপমেন্ট অফিসার এনামুল হক রাকিব। স্বাগত বক্তব্য রাখেন ফেনী কম্পিউটার ইন্সটিউটের একাডেমিক ইনচার্জ

● ৩ এর পাতায় দেখুন

ফেনী, ১৮ জুন ২০২৩ ইং, ০৪ আষাঢ় ১৪৩০ বাংলা, ২৯ জিলকদ ১৪৪৪ হিজরী। রবিবার রেজি নং-চ-১৩৯, বর্ষ-৩০, সংখ্যা- ৭৪, পৃষ্ঠা ৪ , মূল্য ৫.০০ টাকা

দৈনিক
মিডিয়াভুক্ত ■ বাস্তবতা ও সততায় নির্ভিক

# নয়া পয়গাম

প্রতিষ্ঠাতা ঃ মরহুম আব্দুল মমিন খান

The Daily Nayapaigam

## ফেনী কম্পিউটার ইন্সটিটিউটে স্কিল কম্পিটিশন ও সেমিনার, তাৎক্ষণিক চাকরী পেলো ১৭ জন তরুণ

শহর প্রতিনিধি

ফেনী কম্পিউটার ইন্সটিউটে কারিগরি শিক্ষা অধিদপ্তরের এ্যাসেট প্রকল্পের অর্থায়নে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সপ্তাহ উপলক্ষে স্কিল কম্পিটিশন ও সেমিনার অনুষ্ঠিত হয়েছে। শনিবার ( ১৭ জুন)



ইনস্টিটিউট মিলনায়তনে স্কিল কম্পিটিশন ফেনী কম্পিউটার ইন্সটিউটের অধ্যক্ষ মুহাম্মদ মাজহারুল ইসলাম চৌধুরীর সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ মাসুদুর রহমান। বিশেষ অতিথি ছিলেন, শিক্ষা ২-এর পাতায় দেখুন

প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী ইশরাত নুসরাত সিদ্দিকী, পিডিবির নির্বাহী প্রকৌশলী আ স ম রেজাউন নবী জেলা একাউন্স ও ফাইন্যান্স অফিসার এটিএম মাহমুদুল করিম ও কারিগরি শিক্ষা অদিপ্তরের ইকুইপমেন্ট অফিসার এনামুল হক রাব্বি।স্বাগত বক্তব্য রাখেন ফেনী কম্পিউটার ইন্সটিউটের একাডেমিক ইনচার্জ দেবব্রত কুমার নাথ। অনুষ্ঠানে বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান, শিক্ষক-শিক্ষার্থী ও বিভিন্ন পেশার লোকজন উপস্থিত ছিলেন।স্কিল কম্পিটিশনে ইনস্টিটিউটের তিনটি বিভাগের শিক্ষার্থীরা ৯টি প্রজেক্ট উপস্থাপন করেন।এসময় উপস্থিত অতিথিবৃন্দ প্রজেক্টগুলো পরিদর্শন করে সন্তোষ প্রকাশ করেন। সেমিনারে শিল্প প্রতিষ্ঠান মালিক, শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, ছাত্র প্রতিনিধিসহ বিভিন্ন পেশাজীবী মানুষ অংশ গ্রহণ করেন।এরপরে বিকালে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে কারিগরি শিক্ষার গুরুত্ব ও করণীয় শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে মুল প্রবন্ধ উপস্থাপন করেন উক্ত প্রতিষ্ঠানের কম্পিউটার বিভাগের প্রশিক্ষক আবদুস সোবহান শামীম। প্রধান অতিথি ছিলেন ফেনী পলিটেকনিক ইনস্টিটিউটের অধ্যক্ষ প্রদীপ্ত খীসা। বিশেষ অতিথি ছিলেন, পিডিবির নির্বাহী প্রকৌশলী আ স ম রেজাউন নবী।ফেনী কম্পিউটার ইন্সটিউটের অধ্যক্ষ মুহাম্মদ মাজহারুল ইসলাম চৌধুরীর সভাপতিত্বে সেমিনারটি সঞ্চালনা করেন ইন্সটিউটের একাডেমিক ইনচার্জ দেবব্রত কুমার নাথ।এছাড়াও দেনব্যাপী চাকরী মেলা ও শিল্প প্রতিষ্ঠানের সাথে ফেনী কম্পিউটার ইনস্টিটিটের মধ্যে সমোঝোতা সাক্ষর অনুষ্ঠিত হয়। মেলায় তাৎক্ষনিক ভাবে ১৭ জনকে চাকরী প্রদান করা হয় এবং দুটি শিল্প প্রতিষ্ঠানের সাথে সমঝোতা স্মারক সাক্ষর করা হয়।

দৈনিক প্রভাত আলো
সত্য প্রকাশে ন্যায়ের পক্ষে
THE DAILY PROBAT ALO

ফেনী রোববার
১৮ জুন ২০২৩
৪ আষাঢ় ১৪৩০




## ফেনী কম্পিউটার ইন্সটিউটে স্কিল কম্পিটিশন

# দিনব্যাপী চাকরী মেলায় চাকরী পেলো ১৭ তরুণ

শহর প্রতিনিধি

ফেনী কম্পিউটার ইন্সটিউটে কারিগরি শিক্ষা অধিদপ্তরের এ্যাসেট প্রকল্পের অর্থায়নে কারিগরি ও বৃত্তিমুলক শিক্ষা সপ্তাহ উপলক্ষে স্কিল কম্পিটিশন ও সেমিনার অনুষ্ঠিত হয়েছে। দিনব্যাপী চাকরী মেলা ও শিল্প প্রতিষ্ঠানের সাথে ফেনী কম্পিউটার ইনস্টিটিটের মধ্যে সমঝোতা সাক্ষর অনুষ্ঠিত হয়। মেলায় তাৎক্ষনিক ভাবে ১৭ জনকে চাকরী প্রদান করা হয় এবং দুটি শিল্প প্রতিষ্ঠানের সাথে সমঝোতা স্মারক সাক্ষর করা হয়। গতকাল শনিবার (১৭ জুন) ইনস্টিটিউট মিলনায়তনে স্কিল কম্পিটিশন ফেনী কম্পিউটার ইন্সটিউটের অধ্যক্ষ মুহাম্মদ মাজহারুল ইসলাম চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি ছিলেন অতিরক্তি জেলা প্রশাসক (সার্বিক) মোঃ মাসুদুর রহমান। বিশেষ অতিথি ছিলেন, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী ইশরাত নুসরাত সিদ্দিকী, পিডিবির নির্বাহী প্রকৌশলী আ স ম রেজাউন নবী, জেলা একাউন্স ও ফাইন্যান্স অফিসার এটিএম মাহমুদুল করিম ও কারিগরি শিক্ষা অদিপ্তরের ইকুইপমেন্ট অফিসার এনামুল হক রাকিব। স্বাগত বক্তব্য রাখেন ফেনী কম্পিউটার ইন্সটিউটের একাডেমিক ইনচার্জ দেবব্রত কুমার নাথ। অনুষ্ঠানে বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান, শিক্ষক- শিক্ষার্থী ও বিভিন্ন পেশার লোকজন উপস্থিত ছিলেন।

স্কিল কম্পিটিশনে ইনস্টিটিউটের তিনটি বিভাগের শিক্ষার্থীরা ৯টি প্রজেক্ট উপস্থাপন করেন। উপস্থিত অতিথিবৃন্দ প্রজেক্টগুলো পরিদর্শন করে সন্তোষ প্রকাশ করেন। সেমিনারে শিল্প প্রতিষ্ঠান মালিক, শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, ছাত্র প্রতিনিধিসহ বিভিন্ন পেশাজীবী মানুষ অংশ গ্রহণ করেন।

● ৩-এর পাতায় দেখুন

## দিনব্যাপী চাকরী মেলায় চাকরী পেলো

এরপরে বিকালে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে কারিগরি শিক্ষার গুরুত্ব ও করণীয় শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে মুল প্রবন্ধ উপস্থাপন করেন উক্ত প্রতিষ্ঠানের কম্পিউটার বিভাগের প্রশিক্ষক আবদুস সোবহান শামীম।

ফেনী কম্পিউটার ইন্সটিউটের অধ্যক্ষ মুহাম্মদ মাজহারুল ইসলাম চৌধুরীর সভাপতিত্বে সেমিনারটি সঞ্চালনা করেন ইন্সটিউটের একাডেমিক ইনচার্জ দেবব্রত কুমার নাথ।

দৈনিক সোনালী খবর
সত্য প্রকাশে বদ্ধ পরিকর
রোববার
১৮ জুন ২০২৩
৪ আষাঢ় ১৪৩০
২৮ জিলকদ ১৪৪৪
রেজি-নং-ডিএ-৬২৫৪
বর্ষ - ১০, সংখ্যা - ২৮০




# ফেনী কম্পিউটার ইন্সটিটিউটে স্কিল কম্পিটিশন ও সেমিনার তাৎক্ষণিক চাকরী পেলো ১৭ জন তরুণ

**ফেনী প্রতিনিধি ●**

ফেনী কম্পিউটার ইন্সটিউটে কারিগরি শিক্ষা অধিদপ্তরের এ্যাসেট প্রকল্পের অর্থায়নে কারিগরি ও বৃত্তিমুলক শিক্ষা সপ্তাহ উপলক্ষে স্কিল কম্পিটিশন ও সেমিনার অনুষ্ঠিত হয়েছে। গতকাল ইনস্টিটিউট মিলনায়তনে স্কিল কম্পিটিশন ফেনী কম্পিউটার ইন্সটিউটের অধ্যক্ষ মুহাম্মদ মাজহারুল ইসলাম চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি ছিলেন অতিরক্তি জেলা প্রশাসক (সার্বিক) মোঃ মাসুদুর রহমান। বিশেষ অতিথি ছিলেন, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী ইশরাত নুসরাত সিদ্দিকী, পিডিবির নির্বাহী প্রকৌশলী আ স ম রেজাউন নবী, জেলা একাউন্স ও ফাইন্যান্স অফিসার এটিএম মাহমুদুল করিম ও কারিগরি শিক্ষা অদিপ্তরের ইকুইপমেন্ট অফিসার এনামুল হক রাকিব।

স্বাগত বক্তব্য রাখেন ফেনী কম্পিউটার ইন্সটিউটের একাডেমিক ইনচার্জ দেবব্রত কুমার নাথ। অনুষ্ঠানে বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান, শিক্ষক- শিক্ষার্থী ও বিভিন্ন পেশার লোকজন উপস্থিত ছিলেন। স্কিল কম্পিটিশনে ইনস্টিটিউটের তিনটি বিভাগের শিক্ষার্থীরা ৯টি প্রজেক্ট উপস্থাপন করেন। উপস্থিত অতিথিবৃন্দ প্রজেক্টগুলো পরিদর্শন করে সন্তোষ প্রকাশ করেন। সেমিনারে শিল্প প্রতিষ্ঠান মালিক, শিক্ষা প্রতিষ্ঠান প্রদান, ছাত্র প্রতিনিধিসহ বিভিন্ন পেশাজীবী মানুষ অংশ গ্রহণ করেন। এরপরে বিকালে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে কারিগরি শিক্ষার গুরত্ব ও করণীয় শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে মুল প্রবন্ধ উপস্থাপন করেন উক্ত প্রতিষ্ঠানের কম্পিউটার বিভাগের প্রশিক্ষক আবদুস সোবহান শামীম। প্রধান অতিথি ছিলেন ফেনী পলিটেকনিক ইনস্টিটিউটের অধ্যক্ষ প্রদীপ্ত খীসা। বিশেষ অতিথি ছিলেন, পিডিবির নির্বাহী প্রকৌশলী আ স ম রেজাউন নবী।

ফেনী কম্পিউটার ইন্সটিউটের অধ্যক্ষ মুহাম্মদ মাজহারুল ইসলাম চৌধুরীর সভাপতিত্বে সেমিনারটি সঞ্চালনা করেন ইন্সটিউটের একাডেমিক ইনচার্জ দেবব্রত কুমার নাথ। এছাড়াও দেনব্যাপী চাকরী মেলা ও শিল্প প্রতিষ্ঠানের সাথে ফেনী . কম্পিউটার ইনস্টিটিটের মধ্যে সমোযোতা সাক্ষর অনুষ্ঠিত হয়। মেলায় তাৎক্ষনিক ভাবে ১৭ জনকে চাকরী প্রদান করা হয় এবং দুটি শিল্প প্রতিষ্ঠানের সাথে সমযোতা স্মারক সাক্ষর করা হয়।

দৈনিক সত্যের সাথে প্রতিদিন মিডিয়া ভুক্ত
স্টার লাইন
The Daily Star Line

বৃহস্পতিবার

১৫ জুন ২০২৩

০১ আষাঢ় ১৪৩০ বাংলা

# ফেনীতে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সপ্তাহ শুরু

নিজস্ব প্রতিনিধি




ফেনীতে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সপ্তাহ শুরু হয়েছে। গতকাল বুধবার সকালে ফেনী পলিটেকনিক ইনস্টিটিউট প্রাঙ্গণে প্রধান অতিথি থেকে র‍্যালীর মাধ্যমে কর্মসূচীর উদ্বোধন করেন ফেনী জেলা প্রশাসক আবু সেলিম মাহমুদ উল হাসান।

'স্মার্ট শিক্ষা স্মার্ট দেশ, শেখ হাসিনার বাংলাদেশ' প্রতিপাদ্য নিয়ে শুরু হওয়া র‍্যালীতে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থীগণ অংশ নেন। শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরী ও মাদরাসা শিক্ষা বিভাগের আওতাধীন কারিগরী শিক্ষা বিভাগের আয়োজনে র‍্যালীটি ইনস্টিটিউট প্রাঙ্গন থেকে শুরু হয়ে হাসপাতাল মোড় প্রদক্ষিণ করে। র‍্যালীতে ফেনী পলিটেকনিক ইনস্টিটিউট অধ্যক্ষ প্রকৌশলী প্রদীপ্ত বিসা, ফেনী কম্পিউটার ইনস্টিটিউট অধ্যক্ষ মুহাম্মদ মাজহারুল ইসলাম, ফেনী টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ প্রকৌশলী কাজী মেজবাউল ইসলাম, ফেনী পলিটেকনিক ইনস্টিটিউট শিক্ষক সমিতির ৩-এর পৃষ্ঠায় দেখুন

## ফেনীতে কারিগরি ও

সভাপতি জিএম তাজউদ্দিন পলাশ প্রমুখ অংশ নেন। জিএম তাজউদ্দিন পলাশ জানান, সপ্তাহব্যাপী কর্মসূচীর অংশ হিসেবে শনিবার পলিটেকনিক ইনস্টিটিউট অডিটোরিয়ামে স্কিল কম্পিটিশন ও কারিগরী মেলা, রবিবার সকালে স্মার্ট বাংলাদেশ বিনির্মানে কারিগরী শিক্ষার ভূমিকা ও করনীয় শীর্ষক সেমিনার, একইদিন বিকালে সমাপনী অনুষ্ঠিত হবে।

আজ সোমবার
১৯ জুন ২০২৩
০৫ আষাঢ় ১৪৩০ বাংলা
২৯ জিলক্বদ ১৪৪৪ হিজরি
রেজি নং-১৫১৬৫ ১১ম বর্ষ, সংখ্যা- ২১৭
পৃষ্ঠা-৪, মূল্য ৫ টাকা

দৈনিক সত্যের সাথে প্রতিদিন
স্টার লাইন
The Daily Star Line
মাডয়া ভুক্ত



কম্পিউটার ইনস্টিটিউটে কারিগরি বৃত্তিমূলক শিক্ষা সমাপনের পুরস্কার বিতরণী অনুষ্ঠিত

# স্মার্ট বাংলাদেশ গঠনের জন্য দক্ষ জনবল তৈরী করছে কম্পিউটার ইনস্টিটিউট

**- শুসেন চন্দ্র শীল**

নিজস্ব প্রতিনিধি

ফেনী সদর উপজেলা পরিষদ চেয়ারম্যান ও সদর উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক শুসেন চন্দ্র শীল বলেছেন, ডিজিটাল বাংলাদেশ আইডিয়াকে এক সময় হাস্যরসে কটাক্ষ করা হলেও আজ তা দৃশ্যমান ৩-এর পৃষ্ঠায় দেখুন

## স্মার্ট বাংলাদেশ গঠনের

বাস্তবতা। এখন বঙ্গবন্ধুর কন্যা শেখ হাসিনা স্মার্ট বাংলাদেশ গঠনের দিকে এগিয়ে যাচ্ছেন। সেই স্মার্ট বাংলাদেশ গঠনের জন্য দক্ষ ও স্মার্ট জনশক্তি প্রয়োজন হয়েছে। ফেনী কম্পিউটার ইনস্টিটিউট সেই দক্ষ ও স্মার্ট জনশক্তি তৈরী করে যাচ্ছে। তিনি গতকাল রবিবার বিকেলে ইনস্টিটিউটের অডিটোরিয়ামে আয়োজিত কারিগরি বৃত্তিমূলক শিক্ষা সমাপনের পুরস্কার বিতরণী অনুষ্ঠানের প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন। এসময় তিনি বলেন, ইতিহাসে সুনাম পাওয়া এক সময় এদেশের শিক্ষার্থীরা মুখস্ত বিদ্যার চর্চা করতো। কিন্তু আজ তা আর নেই। বর্তমান সরকারের সময়ে হাতে কলমে শিক্ষায় বিশেষ গুরুত্ব দেয়ায় এখন শিক্ষার্থীরা সৃজনশীলতা চর্চার সুযোগ পাচ্ছে।
স্মার্ট শিক্ষা স্মার্ট দেশ, শেখ হাসিনার বাংলাদেশ এই প্রতিপাদ্যকে সামনে রেখে ফেনী কম্পিউটার ইনস্টিটিউটের অধ্যক্ষ মুহাম্মদ মাহবুবুল ইসলামের সভাপতিত্বে এ সভা অনুষ্ঠিত হয়েছে।
ইন্সট্রাক্টর মুকিত মাহমুদের সঞ্চালনায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন চীফ ইন্সট্রাক্টর দেবব্রত কুমার নাথ।
অনুষ্ঠানে বক্তব্য রাখেন, চীফ ইন্সট্রাক্টর আবদুল্লাহ আল মামুন, ইন্সট্রাক্টর আফরোজা জাহান, ফেনী কম্পিউটার ইনস্টিটিউট শিক্ষক সমিতির সভাপতি দুলাল হোসেন, ইন্সট্রাক্টর রফিকুল হাসান, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার জাফর ইকবাল, ইনস্টিটিউট ছাত্রলীগের সভাপতি শেখ আরিফ উল্যা, সাধারণ সম্পাদক আরিফুল হক। শেষে কারিগরি বৃত্তিমূলক শিক্ষা সমাপনের বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন অতিথিবৃন্দ।